ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স-২৩০৬

আগরতলা, ১২ আগস্ট, ২০২৫

## <u>ডিএনএ ক্লাব প্রশিক্ষণ অনুষ্ঠান</u>

## বিভিন্ন গবেষণামূলক কাজ আরও বেশি করে করতে হবে ঃ বিজ্ঞান প্রযুক্তি ও পরিবেশ মন্ত্রী

ত্রিপুরা বায়োটেকনোলজি কাউন্সিলের উদ্যোগে আগরতলার প্রজ্ঞাভবনে আজ ডিএনএ ক্লাব প্রশিক্ষণ অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানের উদ্বোধন করেন বিজ্ঞান প্রযুক্তি ও পরিবেশ দপ্তরের মন্ত্রী অনিমেষ দেববর্মা। বক্তব্য রাখতে গিয়ে তিনি বলেন, ডিএনএ ক্লাবে বিভিন্ন কর্মসূচির মাধ্যমে জৈব প্রযুক্তি বিষয়ক চিন্তাভাবনা আরও সুদৃঢ় করতে হবে। বিজ্ঞান বিষয়ে পড়াশোনা করার জন্য ছাত্রছাত্রীদের উৎসাহিত করে তিনি বলেন, বিভিন্ন গবেষণামূলক কাজ আরও বেশি করে করতে হবে।

ত্রিপুরা বায়োটেকনোলজি কাউন্সিল রাজ্যের স্কুলগুলিতে ব্যবহারিক বিজ্ঞান ও জৈব প্রযুক্তি বিষয়ক পরীক্ষা নীরিক্ষা করার জন্য ডিএনএ ক্লাব প্রকল্পের মাধ্যমে আর্থিক অনুদান ও কারিগরি সহায়তা দেয়। এক্ষেত্রে স্কুলগুলিতে ৪ বছরে ৮টি ব্যবহারিক বিজ্ঞানভিত্তিক পরীক্ষা করতে হয়। প্রতিটি নির্বাচিত স্কুলে ডিএনএ ক্লাবের জন্য একজন শিক্ষক কো-অর্ডিনটর হিসেবে থাকেন। চলতি অর্থবছরে আগামী ৪ বছরের জন্য ৫০টি স্কুলে ডিএনএ ক্লাব গঠন করা হয়েছে। আজ এই অনুষ্ঠানের মাধ্যমে এই ক্লাবগুলি চালু হয়েছে। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বিজ্ঞান প্রযুক্তি ও পরিবেশ দপ্তরের প্রধান সচিব চৈতন্য মূর্তি, জৈব প্রযুক্তি দপ্তরের অধিকর্তা মহেন্দ্র সিং এবং যুগ্ম অধিকর্তা অঞ্জন সেনগুপ্ত। অনুষ্ঠানে অতিথিগণ ডিএনএ ক্লাব ট্রেনিং ম্যনুয়াল ২০২৫-২৬ এবং ককবরক বায়োটেক নিউজ’র আনুষ্ঠানিক উদ্বোধন করেন। শিক্ষক কো-অর্ডিনেটরগণ আলোচনায় তাদের অভিজ্ঞতার কথা তুলে ধরেন।

******